২৯ জুলাই, ২০২৬

# হরমুজ প্রণালি নিয়ে ওমানের প্রস্তাব প্রত্যাখ্যান ইরানের



হরমুজ প্রণালী। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলের পথ নিয়ন্ত্রণ নিয়ে ওমানের দেওয়া প্রস্তাব প্রত্যাখ্যান করেছে ইরান। একই সঙ্গে প্রণালির ওমানের জলসীমার মধ্য দিয়ে যাওয়া একটি অংশও নিজেদের নিয়ন্ত্রণে রাখার প্রস্তাব দিয়েছে তেহরান। আল-জাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

ইরানের উপপররাষ্ট্রমন্ত্রী কাজেম ঘারিবাবাদি দেশটির রাষ্ট্রীয় টেলিভিশনকে বলেন, হরমুজ প্রণালির নৌপথ দুই দেশের আঞ্চলিক জলসীমার মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়ার প্রস্তাব দিয়েছিল ওমান। তবে তেহরান এতে সম্মতি দেয়নি।

তিনি জানান, ওমানের প্রস্তাব অনুযায়ী হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলের জন্য নির্ধারিত নৌপথের ৫০ শতাংশ ইরানের এবং বাকি ৫০ শতাংশ ওমানের আঞ্চলিক জলসীমার মধ্যে থাকার কথা ছিল। এর ফলে জাহাজগুলো ইরানের জলসীমা দিয়ে প্রবেশ করে ওমানের জলসীমা দিয়ে বের হওয়ার সুযোগ পেত।

ঘারিবাবাদি বলেন, ইরানের পক্ষ থেকে ওমানকে বিকল্প প্রস্তাব দেওয়া হয়েছে। এতে হরমুজ প্রণালির ট্রানজিট রুটের একটি অংশ ইরানের আঞ্চলিক জলসীমার মধ্যে রাখার পাশাপাশি ওমানের জলসীমার মধ্য দিয়ে যাওয়া অংশের ওপরও ইরানের নিয়ন্ত্রণ থাকার কথা বলা হয়েছে।

ইরানের এই প্রস্তাবে ওমান সম্মত না হলে হরমুজ প্রণালি বন্ধই থাকবে বলে জানিয়েছেন দেশটির উপপররাষ্ট্রমন্ত্রী।

LENS ASIA